# ফ্যাসিবাদ পুনর্বাসনের অপচেষ্টা প্রতিহত করা হবে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

ফ্যাসিস্ট শক্তিকে কোনো অজুহাতে পুনর্বাসনের চেষ্টা হলে তা কঠোরভাবে প্রতিরোধ করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন নাহিদ ইসলাম। তিনি বলেন, মুক্তিযুদ্ধ, ৭ মার্চ বা শেখ মুজিবুর রহমানের নাম ব্যবহার করে এমন উদ্যোগ গ্রহণযোগ্য নয়।

শনিবার (৭ মার্চ) ফরিদপুরের আম্বিকা ময়দানে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আয়োজিত ইফতার অনুষ্ঠানে তিনি এ বক্তব্য দেন। নাহিদ ইসলাম বলেন, ফ্যাসিস্ট ও তাদের সহযোগীদের বিচার এ দেশেই হবে। ওসমান হাদী হত্যার দায়ীদেরও আইনের আওতায় আনতে হবে। এ প্রক্রিয়ায় বাধা এলে জনগণকে সঙ্গে নিয়ে তা মোকাবিলা করা হবে।

তিনি আরও বলেন, মুক্তিযুদ্ধ দেশের গৌরবের ইতিহাস। কিন্তু এই চেতনার আড়ালে দীর্ঘ সময় ধরে নানা অপকর্মকে বৈধতা দেওয়ার চেষ্টা হয়েছে। এখনো একই প্রবণতা দেখা যাচ্ছে বলে দাবি করেন তিনি। তার আহ্বান—সংস্কার, ন্যায়বিচার ও নতুন বাংলাদেশ গঠনে ঐক্যবদ্ধ হওয়া।

সরকারের সমালোচনা করে এনসিপি আহ্বায়ক বলেন, অতীতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো দলীয় প্রভাবের মধ্যে পড়েছিল। বর্তমান সময়েও একই ধারা দেখা যাচ্ছে বলে তার অভিযোগ। সরকারের শুরুর পদক্ষেপেই ভবিষ্যৎ দিকনির্দেশ স্পষ্ট হয়ে উঠছে বলেও মন্তব্য করেন তিনি।

নাহিদ ইসলাম আরও অভিযোগ করেন, জুলাই গণআন্দোলনের পর নতুন প্রত্যাশা নিয়ে অনুষ্ঠিত নির্বাচনও বিতর্কমুক্ত থাকেনি। জুলাই সনদের অঙ্গীকার বাস্তবায়নে শপথ নেওয়া হলেও সরকারি দল সে প্রতিশ্রুতি রক্ষা করেনি বলে তিনি দাবি করেন।